



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/ কলেজ/ অনু:/২০১৫/ ২৪২

তারিখ : ০২/৪/১৫

বিষয় : বিজ্ঞান বিভাগ (পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধিসহ), ইসলাম শিক্ষা, সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা, কৃষি শিক্ষা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (কম্পিউটার শিক্ষা), ইতিহাস, ভূগোল এবং সমাজ বিজ্ঞান বিষয়ের একাডেমিক স্বীকৃতি প্রদান

সূত্র : কলেজ মঞ্জুরী কমিটির ৯ম সভার সিদ্ধান্ত মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ১৯/০২/২০১৫ তারিখে নথির ৩৬ নং অনুচ্ছেদে অনুমোদন

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন মৌকরণ বি. এল. পি ডিগ্রী কলেজ-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান বিভাগ (পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধিসহ) এবং নিম্ন বর্ণিত বিষয় সমূহের প্রাথমিক একাডেমিক স্বীকৃতি প্রদানসহ উল্লিখিত সময়ের জন্য নবায়ন করা হলো।

- (১) বিজ্ঞান বিভাগ (অর্থাৎ পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান এবং উচ্চতর গণিত) এর পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/১৯৮৬ হতে ৩০/০৬/১৯৯১ খ্রি: পর্যন্ত বৃদ্ধিসহ ০১/০৭/১৯৯১ হতে ৩০/০৬/২০১৭ খ্রি: পর্যন্ত একাডেমিক স্বীকৃতি।
- (২) ইসলাম শিক্ষা বিষয়ের স্বীকৃতি ০১/০৭/১৯৯২ হতে ৩০/০৬/২০১৭ খ্রি: পর্যন্ত
- (৩) সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা বিষয়ের স্বীকৃতি ০১/০৭/১৯৯৫ হতে ৩০/০৬/২০১৭ খ্রি: পর্যন্ত।
- (৪) কৃষি শিক্ষা বিষয়ের স্বীকৃতি ০১/০৭/১৯৯১ হতে ৩০/০৬/২০১৭ খ্রি: পর্যন্ত।
- (৫) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (কম্পিউটার শিক্ষা) বিষয়ের স্বীকৃতি ০১/০৭/১৯৯৬ হতে ৩০/০৬/২০১৭ খ্রি: পর্যন্ত।
- (৬) ইতিহাস বিষয়ের স্বীকৃতি ০১/০৭/২০০৬ হতে ৩০/০৬/২০১৭ খ্রি: পর্যন্ত।
- (৭) ভূগোল বিষয়ের স্বীকৃতি ০১/০৭/২০০০ হতে ৩০/০৬/২০১৭ খ্রি: পর্যন্ত।
- (৮) সমাজ বিজ্ঞান বিষয়ের পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/২০০৩ হতে ৩০/০৬/২০০৪ খ্রি: পর্যন্ত বৃদ্ধিসহ ০১/০৭/২০০৪ হতে ৩০/০৬/২০১৭ খ্রি: পর্যন্ত একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো।

স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হবার পর পুনরায় স্বীকৃতি নবায়ন করতে হবে। অন্যথায় উক্ত স্বীকৃতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

## শর্তাবলী :

- ১) প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করাতে হবে এবং শিক্ষার গুণগত মান বৃদ্ধি করতে হবে।
- ২) কলেজের শিক্ষার মান আরো উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও উন্নীত করতে হবে।
- ৩) জনবল কাঠামো ২০১০-এর বিধি মোতাবেক অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না।
- ৪) টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে।
- ৫) গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে।
- ৬) জরুরী ভিত্তিতে বাৎসরিক রুশ রুটিন অত্র বোর্ডে দাখিল করতে হবে।
- ৭) সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৮) শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে।

০২-০৪-২০১৫

ড. মোঃ লিয়াকত হোসেন (৯৫১১)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

ই-মেইল: drliaquat@gmail.com

অধ্যক্ষ

মৌকরণ বি. এল.পি. ডিগ্রী কলেজ

ডাকঘরঃ মৌকরণ

উপজেলাঃ পটুয়াখালী সদর, জেলাঃ পটুয়াখালী

অনুলিপি প্রেরিত

২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ ঢাকা
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৪. সিস্টেম এনালিস্ট, অত্র বোর্ড, বিজ্ঞপ্তিটি বরিশাল শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ
৫. একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল
৬. সংক্ষণ নথি